গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আঞ্চলিক তথ্য অফিস, সিলেট

তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
তথ্য অধিদফতর

স্মারক: ১৫.৫২.৬০৯১.০২৩.১৭.০৫০.২২- ২২৭৬ তারিখ ১৯.১২.২০২৪ খ্রিস্টাব্দ

সিলেটের স্থানীয় বিভিন্ন পত্র-পত্রিকায় সংবাদ, নিবন্ধ, সম্পাদকীয়, উপ-সম্পাদকীয় ও পাঠকের চিঠির মাধ্যমে সরকারের নীতি ও কার্যক্রমের যে সব আলোচনা ও পর্যালোচনা করা হয়েছে তা সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

জনস্বার্থে কিছু প্রকাশ করার প্রয়োজন থাকলে আঞ্চলিক তথ্য অফিস, সিলেট (টেলিফোন: ৯৯৭৭০১৫৪০-৩) এবং তথ্য অধিদফতরের ভবন নং ৯ এর ২০৬ নং সংবাদ কক্ষের সঙ্গে (টেলিফোন: ৯৫৪০০১৯, ৯৫১৪৯৮৮, ৯৫১২২৪৬ ফ্যাক্স: ৯৫৪০৯৪২, ৯৫৪০০২৬ ই-মেইল: pidsylhet@gmail.com, piddhaka@gmail.com, piddhaka@yahoo.com যোগাযোগ করার অনুরোধ করা হলো।

সংযুক্তি: ০৪ (চার) পাতা

মাসুদ পারভেজ
১৯/১২/২৪

মো. মাসুদ পারভেজ
সহকারী তথ্য অফিসার
উপপ্রধান তথ্য অফিসারের পক্ষে
ফোন- ০১৭১৭-৬৩৮৮৯৬

বিতরণ:

০১। বিভাগীয় কমিশনার, সিলেট
০২। ডিআইজি, সিলেট
০৩। মেট্রোপলিটন পুলিশ কমিশনার, সিলেট
০৪। জেলা প্রশাসক, সিলেট, হবিগঞ্জ, মৌলভীবাজার, সুনামগঞ্জ
০৫। পুলিশ সুপার সিলেট, হবিগঞ্জ, মৌলভীবাজার, সুনামগঞ্জ

অনুলিপি:

০১। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদফতর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। সংশ্লিষ্ট নথি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আঞ্চলিক তথ্য অফিস, সিলেট

তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়

তথ্য অধিদফতর

সংবাদ গতিধারা

স্থানীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয় ’র সারসংক্ষেপ; গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার:

সংখ্যা ১১৩/২০২৪

সিলেট, বৃহস্পতিবার ০৪ পৌষ ১৪৩১, ১৯ ডিসেম্বর ২০২৪

আজকের স্থানীয় দৈনিক পত্রিকাগুলোর প্রধান খবর বা শিরোনাম

০১। তামাবিল বন্দরে ব্যবসা পরিচালনায় সব ধরনের সহযোগিতা করা হবে: নৌপরিবহন উপদেষ্টা

০২। চা শিল্প বাঁচাতে সম্মিলিত উদ্যোগ গ্রহণের আহ্বান

০৩। কৃষি উৎপাদন পদ্ধতিতে সরকারের বিশ্বস্ত সহযোগী আপনারা: জেলা প্রশাসক

০৪। সুনামগঞ্জে অভিবাসী ও জাতীয় প্রবাসী দিবস উদযাপিত

০৫। শ্রীমঙ্গলে ফুটপাত দখলমুক্ত রাখতে অভিযান

বিস্তারিত সংবাদ

০১. তামাবিল বন্দরে ব্যবসা পরিচালনায় সব ধরনের সহযোগিতা করা হবে: নৌপরিবহন উপদেষ্টা

নৌপরিবহন এবং শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের উপদেষ্টা ব্রিগেডিয়ার জেনারেল (অব:) ড. এম সাখাওয়াত হোসেন বলেছেন, তামাবিল স্থলবন্দরের ব্যবসা পরিচালনার ক্ষেত্রে সকল ধরনের সহযোগিতা করা হবে। এশিয়ান ডেভেলপমন্টে ব্যাংক প্রজেক্টের মধ্যে আছে যাত্রী ছাউনী, ফায়ার ব্রিগেড, সিএন্ডএফ'র জন্য বসার জায়গা ও ইউনিয়নের জন্য জায়গা। অনেক বড় একটি ইয়ার্ড হয়েছে। এটা হয়তো আরেকটু বাড়বে। গতকাল বুধবার জৈন্তাপুর উপজেলার তামাবিল স্থলবন্দর পরিদর্শনকালে তিনি এ কথা বলেন। (দৈনিক সিলেটের ডাক, দৈনিক সিলেট মিরর, দৈনিক শুভ প্রতিদিন, দৈনিক শ্যামল সিলেট, দৈনিক যুগভেরী, দৈনিক জৈন্তা বার্তা, দৈনিক সিলেট বাণী, দৈনিক উত্তরপূর্ব, দৈনিক কাজির বাজার, দৈনিক আলোকিত সিলেট প্রমুখ পত্রিকায় এসংক্রান্ত সংবাদ রয়েছে)

০২. চা শিল্প বাঁচাতে সম্মিলিত উদ্যোগ গ্রহণের আহ্বান

বাংলাদেশের চা শিল্পে চ্যালেঞ্জ ও সম্ভাবনা শীর্ষক সেমিনারে বক্তারা বলেছেন, 'দেশের অর্থনৈতিক উন্নয়নের অপার সম্ভাবনাময় খাত হচ্ছে চা শিল্প। চা চাষের এলাকা বৃদ্ধি না পাওয়া, সিন্ডিকেটসহ নানা কারণে এ শিল্প ক্রমশ পিছিয়ে পড়ছে। বিশেষ করে উৎপাদন খরচ বেশি এবং বাজার মূল্য কম থাকায় ব্যাহত হচ্ছে চায়ের উৎপাদন।' রুগ্ন এ শিল্পকে *বাঁচাতে সম্মিলিত* উদ্যোগে গ্রহণের আহ্বান জানান বক্তারা। কমনওয়েলথ জার্নালিস্ট এসোসিয়েশন (সিজেএ) বাংলাদেশের উদ্যোগে এবং সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়ের সহযোগিতায় গতকাল বুধবার সিলেট কৃষি বিশ্ববিদ্যালয় হলরুমে এ সেমিনার অনুষ্ঠিত হয়। সংগঠনের বাংলাদেশ চ্যাপ্টারের সভাপতি পারভীন এফ চৌধুরীর সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক ওসমান গণি মনসুরের সঞ্চালনায় সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আলিমুল ইসলাম। (দৈনিক সিলেটের ডাক, দৈনিক সিলেট মিরর, দৈনিক শুভ প্রতিদিন, দৈনিক শ্যামল সিলেট, দৈনিক জৈন্তা বার্তা, দৈনিক যুগভেরী, দৈনিক উত্তরপূর্ব প্রমুখ পত্রিকায় এসংক্রান্ত সংবাদ রয়েছে)

০৩. কৃষি উৎপাদন পদ্ধতিতে সরকারের বিশ্বস্ত সহযোগী আপনারা: জেলা প্রশাসক

সিলেটের জেলা প্রশাসক মোহাম্মদ শের মাহবুব মুরাদ বলেছেন, সরকার বিদেশ থেকে সরাসরি সার নিয়ে আসে। ডিলাররা সে সার কৃষক পর্যায়ে পৌঁছে দেন। কৃষি উৎপাদন বৃদ্ধিতে সরকারের বিশ্বস্ত সহযোগি আপনারা। ডিলারদের সার সময়মত উত্তোলন, সঠিকভাবে সংরক্ষণ ও সরবরাহ করতে হবে। এ ব্যাপারে আমাদের মনিটরিং থাকবে। তিনি বলেন, ফসল উৎপাদনের জন্য কৃষক, সার, বীজ ও কীটনাশক সরবরাহের মধ্যে সমন্বয় থাকতে হবে। উৎপাদন বৃদ্ধির সাথে জনস্বাস্থ্যের বিষয়টি বিবেচনায় রাখতে হবে। চলমান রবি মৌসুমে বোরোসহ সকল মাঠ ফসলের উৎপাদন নির্বিঘ্ন করতে সিলেটের বীজ, সার এবং কীটনাশক বিক্রেতা ও সরবরাহকারী প্রতিষ্ঠানের সাথে মতবিনিময় সভায় সভাপতির বক্তব্যে তিনি এসব কথা বলেন। (দৈনিক সিলেটের ডাক, দৈনিক শ্যামল সিলেট, দৈনিক উত্তরপূর্ব, দৈনিক কাজির বাজার পত্রিকায় এসংক্রান্ত সংবাদ রয়েছে)

০৪. সুনামগঞ্জে অভিবাসী ও জাতীয় প্রবাসী দিবস উদযাপিত

'প্রবাসীর অধিকার, আমাদের অঙ্গীকার বৈষম্যহীন বাংলাদেশ, আমাদের সবার' এ স্লোগানে সুনামগঞ্জ জেলা প্রশাসন এবং জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিসের আয়োজনে আন্তর্জাতিক অভিবাসী দিবস ও জাতীয় প্রবাসী দিবস উদযাপিত হয়েছে। বুধবার (১৮ ডিসেম্বর) সকালে সুনামগঞ্জ ঐতিহ্য জাদুঘর প্রসঙ্গে আলোচনা সভা ও দিনব্যাপী অভিবাসী মেলা অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানটি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, ওয়েলফেয়ার সেন্টার, প্রবাসী কল্যাণ ব্যাংক, ব্রাকের সহযোগিতায় অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) সমর কুমার পালের সভাপতিত্বে ও জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিসের সহকারী পরিচালক আওলাদ হোসেনের সঞ্চলনায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক ড. মোহাম্মদ ইলিয়াস মিয়া। (দৈনিক যুগভেরী, দৈনিক পুণ্যভূমি, দৈনিক জৈন্তা বার্তা, দৈনিক কাজির বাজার প্রমুখ পত্রিকায় এসংক্রান্ত সংবাদ রয়েছে)

০৫. শ্রীমঙ্গলে ফুটপাত দখলমুক্ত *রাখতে* অভিযান

চায়ের রাজধানী খ্যাত পর্যটন নগরী মৌলভীবাজারের শ্রীমঙ্গল শহরের সৌন্দর্য রক্ষা এবং পর্যটক ও পথচারীদের নির্বিঘ্নে চলাচল নিশ্চিতে শহরের ফুটপাত দখলমুক্ত রাখতে উচ্ছেদ অভিযান পরিচালনা করা হয়েছে। শ্রীমঙ্গলের পৌর প্রশাসক ও উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. ইসলাম উদ্দিনের নির্দেশনায় এ অভিযানে নেতৃত্ব দেন শ্রীমঙ্গল পৌরসভার নির্বাহী প্রকৌশলী মো. জহিরুল ইসলাম। (দৈনিক জৈন্তা বার্তা প্রমুখ পত্রিকায় এসংক্রান্ত সংবাদ রয়েছে)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আঞ্চলিক তথ্য অফিস, সিলেট

তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়

তথ্য অধিদফতর

সম্পাদকীয়

ক. দৈনিক সিলেটের ডাক: কমছে জমির উর্বরতা।। কৃষিজমির উর্বরতা কমছে। বিশেষ করে আধুনিক কৃষিব্যবস্থা চালু হওয়ার পর থেকে মাটিতে মৌলিক উপাদানের ঘাটতি দেখা দিয়েছে। ফলে কমছে মাটির উর্বরতা। বর্তমানে দেশে কৃষিজমির ৭৫ শতাংশই উর্বরতা ও পুষ্টির ঘাটতি সংবলিত। এ অবস্থায় কৃষি উৎপাদন পুরোটা সার নির্ভর হয়ে যাচ্ছে। তাই মাটির জীববৈচিত্র্য রক্ষা করে এর উর্বরতা বজায় রাখার উদ্যোগ নেওয়া অতীব গুরুত্বপূর্ণ। কৃষি উৎপাদন নিরবচ্ছিন্ন রাখতে কৃষিজমির উর্বরতা তথা ফসল উৎপাদন ক্ষমতা স্বাভাবিক রাখতে মাটির স্বাস্থ্যের দিকে নজর দেওয়া জরুরি। বিশেষজ্ঞদের মতে, মাটির স্বাস্থ্যের সঙ্গে মানবস্বাস্থ্যের সম্পর্ক রয়েছে। আর খাদ্য নিরাপত্তা নিশ্চিত করার জন্য প্রয়োজন টেকসই মৃত্তিকা ব্যবস্থাপনা।

খ. দৈনিক শুভ প্রতিদিন: ঘোষিত সময়ে নির্বাচন হোক: জাতির উদ্দেশে প্রধান উপদেষ্টার ভাষণ।। মহান বিজয় দিবস উপলক্ষ্যে জাতির উদ্দেশে দেওয়া ভাষণে প্রথম বারের মত নির্বাচনের সম্ভাব্য সময়সূচি নিয়ে একটি ধারণা দিয়েছেন প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস। তিনি বলেছেন, যদি অল্প কিছু সংস্কার করে ভোটার তালিকা নির্ভুলভাবে তৈরি করার ভিত্তিতে নির্বাচন সম্পন্ন করতে হয়, তাহলে ২০২৫ সালের শেষের দিকে অথবা ২০২৬ সালের প্রথম দিকে নির্বাচন অনুষ্ঠান হয়তো সম্ভব হবে। আর যদি এর সঙ্গে নির্বাচন প্রক্রিয়া এবং নির্বাচন সংস্কার কমিশনের সুপারিশের পরিপ্রেক্ষিতে এবং জাতীয় ঐকমত্যের ভিত্তিতে প্রত্যাশিত মাত্রার সংস্কার যোগ করা হয়, তাহলে অন্তত আরো ছয় মাস অতিরিক্ত সময় লাগতে পারে। নির্বাচন ব্যবস্থা সংস্কার ও সংবিধান সংস্কার কমিশনের কথা আলাদাভাবে উল্লেখ করে প্রধান উপদেষ্টা বলেছেন, এ দুটি কমিশনের সুপারিশের ওপর প্রধানত নির্ভর করছে আমাদের আগামী নির্বাচনের প্রস্তুতি ও তারিখ।

নিবন্ধ/ফিচার/চিঠিপত্র: শিরোনাম ও লেখকের নাম

ক. যান্ত্রিক সভ্যতা: আশীর্বাদ না অভিশাপ?– আফতাব চৌধুরী, দৈনিক পুণ্যভূমি

খ. চিকিৎসায় বিদেশ নির্ভরতা কমানোর উদ্যোগ জরুরি– এম এ কাদের, দৈনিক পুণ্যভূমি

গ. শিল্পের রাজনীতি: শিল্পীর দায়বদ্ধতা– দীপংকর গৌতম, দৈনিক সিলেট মিরর

#

মাসুদ/ডলি/২০২৪/১২.০০ ঘণ্টা